# সংগঠনের নেত্রী হিসেবে আমি হলে থাকতেই পারি

**— লুসি**

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের শামসুন্নাহার হলের ছাত্রদল সভাপতি লুসি বলেছেন, একটি সংগঠনের নেত্রী হিসেবে আমি হলে থাকতেই পারি, এটি অতীতেও ছিল। আর আমি বহিরাগত নই, বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রী। শুক্রবার জাতীয় শিক্ষা ব্যবস্থা ইনস্টিটিউটে (নায়েম) বিচার বিভাগীয় তদন্ত কমিটির বিচারপতি তোফাজ্জল ইসলামের সাক্ষাৎকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সে এ কথা বলে। তদন্ত কমিটির প্রধানের কাছে ছাত্রীদের সাক্ষ্যদানকালে লুসি, শান্তা সেখানে উপস্থিত হলে সাধারণ মেয়েরা ভীত হয়ে পড়ে।

বেলা সাড়ে ১১টায় লুসি, শান্তা, বীথিকা দোতলায় বিচারপতির কক্ষে সরাসরি ঢুকে পড়ে। সাধারণ ছাত্রীরা এতে বিব্রতবোধ করে। ১০/১৫ মিনিট অবস্থান করে তারা বাইরে আসে। এ সময় শান্তা অপেক্ষমাণ ছাত্রীদের আঙুল দিয়ে দেখিয়ে চিহ্নিত করে।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে সে বলে, আমাকে নিয়ে কোন সমস্যা হয়নি। প্রভোস্টকে নিয়েই সব সমস্যার সৃষ্টি হয়েছে। ১১টা ৫৭ মিনিটে লুসি নায়েম ত্যাগ করে। এর আগে নায়েমে আগত ২৩শে জুলাই রাতে দায়িত্বপালনরত পুলিশের এডিসি আ. রহিম, এসি বি. তালুকদারসহ অন্য অফিসারদের সঙ্গে ১৫/২০ মিনিট ধরে তাকে খোশগল্প করতে দেখা যায়।